# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) আগামী ১৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রস্তাবিত মিজোরাম সফরকে সফল করে তুলতে চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত ।

২) আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের জল পরিবহণ পরিকাঠামো উন্নয়নে গত ২ বছরে ১ হাজার কোটির অধিক অর্থ বিনিয়োগ করা হয়েছে বলে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের প্রকাশ ।

৩) শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে আজ একজন ভূয়ো চিকিৎসক আটক ।

এবং

৪) বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণের জাতীয় কমিশনের উদ্যোগে আজ গৌহাটিতে আঞ্চলিক পর্যায়ের কর্মশালা আয়োজিত ।

-----------------------------------------------------------------------------------

আগামী ১৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রস্তাবিত মিজোরাম সফরকে সফল করে তুলতে চূড়ান্ত প্রস্তুতির কাজ অব্যাহত রয়েছে । ১৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী এক দিনের মিজোরামের রাজধানী আইজল সফরে এসে আইজলের লামোয়াল পৌছে ভৌরবী-সাইরাং রেল লাইনের সূচনা করবেন । উল্লেখ্য যে এই রেল লাইন সূচনার মাধ্যমেই মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হবে । ওইদিন রেললাইনের উদ্বোধন করে শ্রী মোদী আকাশ পথে হিংসা জর্জরিত মনিপুর সফরে যাবেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে । মিজোরামের মুখ্যমন্ত্রী লাল্ডুহমা আগেই জানিয়েছেন যে ১৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী মিজোরাম এসে ভৈরবী-সাইরাং রেল লাইন সহ সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধন করবেন । নতুন এই রেল লাইনটি সর্বপ্রথম শিলচরের সঙ্গে যুক্ত হবে এবং পর্যায়ক্রমে তা দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে সংযুক্ত হবে ।

মিজোরামের মুখ্য সচিব কে রাম মিনা ইতিমধ্যেই প্রধানমন্ত্রীর সফরসূচিকে সফল করে তুলতে রাজ্যের বিভিন্ন বিভাগের প্রধানদের সঙ্গে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হয়ে প্রস্তুতি পর্ব এবং বিশেষ করে নিরাপত্তা সংক্রান্ত বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন ।

---------------------------------------------------------------------------------

আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের জল পরিবহণ পরিকাঠামো উন্নয়নে গত ২ বছরে ১ হাজার কোটির অধিক অর্থ বিনিয়োগ করা হয়েছে । কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আগামী ২৭ অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত মুম্বাইতে অনুষ্ঠেয় ভারতীয় সামুদ্রিক সপ্তাহ - ২০২৫এর সঙ্গে সঙ্গতি রেখে আজ গৌহাটিতে আয়োজিত একটি রোড-শোতে অংশ গ্রহণ করার পর এ কথা জানিয়েছেন । তিনি সব অংশীদারদের ভারতীয় সামূদ্রিক সপ্তাহের কার্যসূচিকে স্বাগত জানানো সহ দেশের সর্ববৃহৎ সামুদ্রিক কার্যসূচিতে অংশ গ্রহণ করার আহ্বান জানান । এই কার্যসূচিতে কম করে ৩০টি দেশের প্রতিনিধি অংশ গ্রহণ করবেন বলেও তিনি জানান । এই অনুষ্ঠানের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের জলপথ ব্যবহার এবং পর্যটন ক্ষেত্রের প্রসার করার পদক্ষেপ গ্রহণ করা হবে । এর মাধ্যমে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলকে দেশের জল পরিবহণ ক্ষেত্রের অংশীদার করে তোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী আরো জানান যে জার্মানীর প্রথম স্থানের পরিবহণ কোম্পানী রেনাস লজিষ্টিক প্রাইভেট লিমিটেড বরাক-ব্রম্মপুত্র এবং গঙ্গা নদীকে নিয়ে ইতিমধ্যেই অধ্যয়ন সম্পূর্ণ করা হয়েছে । এই অধ্যয়নে বরাক , ব্রম্মপুত্র এবং গঙ্গা নদীতে মালবাহী জাহাজ চলাচলের সুবিধা রয়েছে বলে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ ২০২৬ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক পরীক্ষার জন্য প্র-পত্র পূরণের দিন ঘোষণা করেছে । এ সম্পর্কে জারী করা এক বিজ্ঞপ্তি অনুসারে শিক্ষার্থীরা আগামী চৌঠা অক্টোবর পর্যন্ত অনলাইন প্র-পত্র পূরণ করতে পারবে । একইভাবে শিক্ষার্থীরা ১০ অক্টোবর পর্যন্ত অনলাইন মাসুল জমা দেওয়া সহ চালান সংগ্রহ করতে পারবে । ভারতীয় স্টেট ব্যাঙ্কে চালানের মাধ্যমে মাসুল জমা দেবার শেষ তারিখ আগামী ১৫ অক্টোবর । প্র-পত্রে কোনো ত্রুটি থাকলে ২০ অক্টোবর পর্যন্ত তা শুধরে নেওয়া যাবে । উল্লেখ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা মাশুল ৮০০ টাকা, প্র্যাক্টিকেল পরীক্ষা মাশুল ৫০ টাকা এবং সেন্টার ফি ৩৫০ টাকা নির্ধারণ করেছে ।

---------------------------------------------------------------------------------

চতুর্দশ নাগালেন্ড বিধানসভার সপ্তদশ অধিবেশন আজ থেকে আরম্ভ হয়েছে । অধিবেশনে মূখ্যমন্ত্রী নেফিউরিও নাগালেন্ডের পূর্বের রাজ্যপাল গণেশণের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন এবং বিধানসভার অধ্যক্ষ শরংগেইন লংকুমার পূর্বের সদস্য নুংগয়াপংয়ের প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন । অধিবেশনের প্রথম দিন নাগালেন্ডের বিভিন্ন অঞ্চলে সংঘটিত ভূত প্রেত ইত্যাদির উপাসনার মত কুসংস্কার রোধ , বেকার সমস্যার সঙ্গে জড়িত বিভিন্ন বিষয় উত্থাপন করা হবে । এই অধিবেশনে নাগালেন্ড রাজ্য অর্থ কমিশন বিল-২৯২৫ এবং নাগালেন্ড বন্যা ,সমতল , জোনিং বিল-২০২৫ এই দুটি বিল উত্থাপন করা হবে । এছাড়াও নাগালেন্ড জুভেনাইল জাস্টিস বিলটি সংশোধনের জন্য উত্থাপনের কথা রয়েছে ।

----------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ আজ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে একজন ভুয়ো চিকিৎসককে আটক করেছে । অভিযুক্ত যুবক কাটিগড়া থানার অর্ন্তগত গণিরগ্রামের ২৩ বছরের মীর হোসেন আহমেদ বড়ভুইয়া বলে জানা গেছে । কাছাড়ের সিনিওর পুলিশ সুপার নোমাল মাহাতো জানিয়েছেন যে মীর হোসেন স্ত্রী রোগ বিশেষজ্ঞের পরিচয় দিয়ে গত ২৯শে আগষ্ট থেকে শিলচর মেডিকেল কলেজ ও হাসাপাতালের স্ত্রী রোগ বর্হি বিভাগে চিকিৎসা করে আসছিল । এ নিয়ে কয়েক জন কর্মী সন্দেহ প্রকাশ করে পুলিশকে খবর দিলে আজ পুলিশ মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে ভুয়ো চিকিৎসককে আটক করে । এসর্ম্পকে তদন্ত অব্যাহত রয়েছে বলে পুলিশ সুপার নোমাল মাহাতো জানিয়েছেন । পুলিশ সুপার শ্রীমাহাতো আরো জানান যে -------

বাইট

----------------------------------------------------------------------------------------

গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় ( জি এম সি এইচ )-এ নবজাতকের আই-সি-উই বেড থেকে পড়ে একটি শিশুর মৃত্যুর ঘটনার দায়ে চিকিৎসক সহ ৭ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । জি এম সি-র অধ্যক্ষ ডাক্তার দেবজিৎ চৌধুরী সাংবদ মাধ্যমকে জানিয়েছেন যে এই ঘটনা সম্পর্কে ওই হাসপাতালের শিশু চিকিৎসা বিভাগের প্রধান ডাক্তার অনুপম ডেকা , সহযোগী অধ্যাপক ডাক্তার দিপঙ্কর হাজরিকাকে বরখাস্ত করা সহ বিভাগীয় কার্যব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেওয়া হয়েছে । একই ভাবে ষ্টাফ নার্স চন্দনা নাথ , পম্পী দেব এবং আই-সি-ইউ টেকনিশিয়ান ঈশাসজ্যোতি তালুকদারকেও বরখাস্ত করার নির্দেশ দেওয়া হয়েছে । অনুরূপভাবে , কর্তব্যে গাফিলতির অভিযোগে স্নাকোত্তর শ্রেণীর দুজন শিক্ষার্থী ডাক্তার ঋষিকেশ ঠাকুরীয়া এবং

ডাক্তার পূজাকে চিকিৎসা মহাবিদ্যালয় থেকে ৬ মাসের জন্য বহিষ্কার করারও নির্দেশ প্রদান করা হয়েছে বলে ডাক্তার চৌধুরী সংবাদ মাধ্যমকে জানিয়েছেন ।

---

বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণের জাতীয় কমিশনের উদ্যোগে উত্তর-পূর্বাঞ্চলের জন্য আজ গৌহাটীতে আঞ্চলিক পর্যায়ের এক কর্মশালার আয়োজন করা হয় । খানাপারার আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত এই কর্মশালায় আসাম ছাড়াও অরুণাচলপ্রদেশ ,মণিপুর ,মেঘালয় , মিজোরাম , নাগালেন্ড , সিকিম এবং ত্রিপুরার প্রশিক্ষার্থীরা অংশগ্রহণ করেন । বৃত্তিমূখী শিক্ষা এবং প্রশিক্ষণ পর্ষদের কাজ্রবাহী সদস্য ড.বিনীতা আগরওয়াল এই অনুষ্ঠানে ভাষণপ্রসঙ্গে উত্তর-পূর্বে থাকা সুবিধা ও দক্ষতা বিকাশের সুযোগসমূহের বিষয়ে উল্লেখ করেন । এছাড়াও আরও একজন কার্যবাহী সদস্য ড.মীনা পাহুজা প্রযুক্তি নির্ভর অর্থনীতি দাবী অনুসারে দক্ষতা বিকাশের ওপর এবং সমাপ্তি ভাষণে পরিষদের সঞ্চালক ড.সুভাষ দেশমূখ উত্তর-পূর্বের রাজ্যসমূহের সঙ্গে বৃত্তিমূখী শিক্ষা ও প্রশিক্ষণ পরিষদের সমন্বয় সাধনে গুরুত্ব আরোপ করেন ।

উল্লেখ্য ২০১৮ সালে কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠা করা জাতীয় বৃত্তিমূখী শিক্ষা এবং প্রশিক্ষণ পর্ষদ দেশের বিভিন্ন প্রান্তে বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে আসছে । এই পর্ষদ দেশের বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণের গুনগত মানের উন্নয়নের প্রতি দায়বদ্ধ ।

---

শিলচরকে পরিষ্কার পরিচ্ছন্ন ,সবুজ ও সুসংগঠিত শহরে পরিণত করার লক্ষ্যে শিলচর পৌর নিগম আজ শহরের রাস্তা ও ফুটপাথ দখল করে থাকা অবৈধ দোকানপাট উচ্ছেদে বিশেষ অভিযান চালিয়েছে । এই অভিযানের মূল উদ্দেশ্য শুধুমাত্র রাস্তা ফুটপাথকে দখলমুক্ত করা নয় বরং শহরের সার্বিক সৌন্দর্য বৃদ্ধি ,যান চলাচল সহজ করা এবং জন নিরাপত্তা নিশ্চিত করা । অভিযান চলাকালীন শিলচর পৌর নিগমের নব নিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিং সব কাজকর্মের তদারকি করেন ।

অভিযানের পাশাপাশি শিলচর পৌর নিগমের পক্ষ থেকে নূতনভাবে পৌরসীমার অর্ন্তভুক্ত এলাকাগুলিতে বিশেষ করে রংপুর ও কলারতলে একাধিক সচেতনতামূলক কাজকর্ম পরিচালিত হয় । সেখানে পৌর কর্তৃপক্ষ ব্যাবসায়ীদের সঙ্গে সরাসরি কথা বলে বৈধ ট্রেড লাইসেন্স গ্রহণের গুরুত্ব তুলে ধরেন ।

---

ধলেশ্বরী -হাইলাকান্দি জাতীয় সড়কে গর্ত মেরামতির কাজ শীঘ্রই শুরু হবে । হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আজ অনুষ্ঠিত জেলা উন্নয়ন

কমিটির এক সভায় পূর্ত জাতীয় সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার আব্দুল হক খান জানান যে আগামী ১০ই সেপ্টেম্বর থেকে মেরামতির কাজ শুরু হবে ।  সভায় অন্যান্য বিভাগের কাজকর্মের অগ্রগতিও পর্যালোচনা করা হয় ।  জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রুথ লিয়ানথাং , অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা , ত্রিদিব রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার ইন্ডিয়ান এফ সি দল ফাইনালে উঠেছে । স্থানীয় বাম নিত্যনন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় আজকের সেমি-ফাইনালে ইন্ডিয়ান এফ সি ২-১ গোলে ব্রাইট স্টার এফ সি-কে পরাজিত করে । ইন্ডিয়ান এফ সি-দলের হয়ে আজ গোল করেন চুঙ্গা ও ডেভিড এবং ব্রাইট স্টার এফ সি-র হয়ে একমাত্র গোল করেন বিয়াক্কিমা । প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনালের খেলা আগামী বৃহস্পতিবার টি এইচ বি আর্জানপুর এবং লোকনাথপুর ইয়ংস্টার দলের মধ্যে অনুষ্টিত হবে ।

--------------------------------------------------------------------------------